

শাবিপ্রবির গ্রীষ্মকালীন ছুটি বাতিল

শাবিপ্রবি প্রতিনিধি

৫ জুন ২০২৩ ০২:৩০ পিএম | আপডেট: ৫ জুন ২০২৩

০২:৩৪ পিএম

1
Shares



ফাইল ছবি

advertisement..

অনিবার্য কারণবশত শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (শাবিপ্রবি) গ্রীষ্মকালীন ছুটি (৯ দিন) বাতিল করেছে বিশ্ববিদ্যালয় প্রশাসন। আজ সোমবার সকালে বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত) মো. ফজলুর রহমান স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তি থেকে এ তথ্য জানা যায়।

বিজ্ঞপ্তিতে বলা হয়, বিশ্ববিদ্যালয়ের ক্যালেন্ডারে উল্লেখিত আগামী রোববার থেকে সোমবার পর্যন্ত গ্রীষ্মকালীন ছুটি বাতিল করা হয়েছে। ফলে ১৮ থেকে ২২ জুন পর্যন্ত ক্লাস ও অফিসসমূহ খোলা থাকবে।

advertisement

অন্যদিকে, পবিত্র ঈদুল আজহা উপলক্ষে আগামী রোববার থেকে বৃহস্পতিবার পর্যন্ত বিশ্ববিদ্যালয়ের সকল ক্লাস ও অফিস কার্যক্রম বন্ধ থাকবে। তবে ৭ ও ৮ জুলাই সাপ্তাহিক বন্ধ হওয়ায় রোববার (৯ জুলাই) থেকে যথারীতিতে ক্লাস ও দাপ্তরিক কার্যক্রম চালু হবে।